গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ১৪ আগস্ট, ২০২৪ সময় : ১০.০০ ঘটিকা
স্থান : প্রকল্প সমন্বয়কের অফিসকক্ষ, ৫ম তলা হাজিরা : পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বিগত জুলাই মাসের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে অগ্রগতি উপস্থাপনের জন্য কমিউনিকেশন অফিসারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | ল্যান্ড গেজ স্থাপন | ক) প্রকল্পের ল্যান্ড গেজ স্থাপনের সর্বশেষ অগ্রগতি উপস্থাপন করা হয়। ইতোমধ্যে ২৮টি ল্যান্ড গেজ স্থাপনের কাজ শেষ হয়েছে।<br><br>খ) ল্যান্ড গেজ হতে তথ্য সংগ্রহের জন্য ভলান্টিয়ার নির্বাচন, প্রশিক্ষণ প্রদান, গেজ রিডিং প্রেরণ, প্রকল্প শেষে ল্যান্ড গেজসমূহের রক্ষণাবেক্ষণের দায়িত্ব ইত্যাদি বিষয় নিয়ে সভায় আলোচনা হয়। | ক) অবশিষ্ট ল্যান্ড গেজ স্থাপনের কাজ আগস্ট মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ) ল্যান্ড গেজ হতে তথ্য সংগ্রহের জন্য ভলান্টিয়ার নির্বাচন ও তাদের প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের সাথে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট, রেজিওনাল কোঅর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটেটর (কুড়িগ্রাম, গাইবান্ধা ও জামালপুর) |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৩। | ভয়েস মেসেজের মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচার | ২০২৪ সালের জুলাই মাসের শুরুতে প্রকল্প হতে বন্যা কবলিত এলাকায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নিকট artificial intelligence (AI) জেনারেটেড ভয়েজ মেসেজ ব্যবহার করে আগাম সতর্কবার্তা যথাসময়ে পৌছে দেয়া হয়েছে।<br>বিগত ২ জুলাই থেকে ১৫ জুলাই তারিখের মধ্যে তিন জেলায় মোট ৫২৩৪৫টি ভয়েস কল প্রেরণ করা হয়। এই কার্যক্রমের উপর একটি বিস্তারিত প্রতিবেদন তৈরীর বিষয়ে সভায় আলোচনা হয়। | বিগত ২ জুলাই থেকে ১৫ জুলাই তারিখের মধ্যে প্রকল্প এলাকায় প্রেরিত মোট ভয়েস কলসমূহের তথ্য উপাত্ত উল্লেখ করে একটি বিস্তারিত প্রতিবেদন তৈরী ও সংরক্ষণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ০৪। | স্বেচ্ছাসেবক দল গঠন ও প্রশিক্ষণ প্রদান | প্রকল্প থেকে আগাম সতর্কবার্তা প্রচারের জন্য স্বেচ্ছাসেবদের প্রশিক্ষণ প্রদানের সংস্থান রয়েছে। এমতাবস্থায়, স্বেচ্ছাসেবক নির্বাচন, স্বেচ্ছাসেবদের প্রশিক্ষণ, স্বেচ্ছাসেবকদের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম প্রদানসহ ইত্যাদি বিষয়ে সভায় আলোচনা হয়। | ক) প্রকল্প এলাকা হতে নির্বাচিত সর্বাপেক্ষা বিপদাপন্ন ৬১টি ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ড থেকে অন্তত' ৩জন করে স্বেচ্ছাসেবক নির্বাচন করতে হবে।<br><br>খ) স্বেচ্ছাসেবক নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এর তত্ত্বাবধানে ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে পরামর্শক্রমে সংশ্লিষ্ট ফিল্ড ফ্যাসিলিটেটরদের দায়িত্ব প্রদান করতে হবে।<br><br>গ) স্বেচ্ছাসেবকদের তথ্য সংগ্রহের/নিবন্ধনের জন্য জাতীয় স্বেচ্ছাসেবক নীতিমালা ২০২৩ এর আলোকে একটি তথ্য ফর্ম তৈরী করতে হবে। ফর্মে এ নীতিমালার আলোকে প্রয়োজনীয় নির্দেশাবলী সংযোজন করতে হবে।<br><br>ঘ) স্বেচ্ছাসেবকদের ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম হিসেবে লাইফ ভেস্ট ও ক্যাপ দেওয়ার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, কমিউনিকেশন অফিসার ও রিজিওনাল কো-অর্ডিনেটর |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫। | ভয়েস মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কাবার্তা প্রচারের জন্য সিস্টেম ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্বাচনের জন্য বিটিসিএল, টেলিটক এবং গ্রামীনফোন কর্তৃপক্ষের সাথে ভয়েস মেসেজ ব্রডকাস্ট সিস্টেম ডেভেলপমেন্ট বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় গ্রামীণফোন এবং টেলিটক হতে তাদের প্রদর্শিত বিভিন্ন সার্ভিস/ফিচারগুলো নিয়ে একটি তুলনামূলক প্রতিবেদন তৈরীর বিষয়ে সভায় আলোচনা হয়। | VOIP সার্ভিস প্রোভাইডার নির্বাচনের জন্য বিটিসিএল, টেলিটক এবং গ্রামীনফোন কর্তৃপক্ষ থেকে বিগত সভাগুলোতে প্রদর্শিত তাদের সার্ভিস/ফিচারগুলো নিয়ে একটি তুলনামূলক প্রতিবেদন তৈরী করতে হবে এবং এই প্রতিবেদন এর উপর ভিত্তি করে পরবর্তীতে রাইমস দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে। | প্রোগ্রাম ম্যানেজার ও আইসিটি স্পেশালিষ্ট |
| ০৬। | DMC পোর্টাল হালনাগাদ | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদের কার্যক্রম মনিটরিং, রিপোর্ট প্রস্তুত এবং পোর্টাল থেকে স্বয়ংক্রিয় মেইলের মাধ্যমে কমিটির তথ্য হালনাগাদ এর বিষয় নিয়ে আলোচনা হয়। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য হালনাগাদের কার্যক্রম মনিটরিং এর জন্য একটি মনিটর ও রিপোর্ট প্রস্তুত করতে হবে এবং স্বয়ংক্রিয় মেইলের মাধ্যমে তথ্য হালনাগাদ এর নোটিফিকেশন কমিটির সদস্যদের প্রেরণ করার ব্যবস্থা করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, ও আইসিটি স্পেশালিষ্ট |
| ০৭। | বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালা | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালার প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। | ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক অগ্রগতি অবহিতকরণ বিষয়ক কর্মশালার প্রেজেন্টশন তৈরীর কাজ আগামী ২২ আগস্ট এর মধ্যে সম্পন্ন করতে হবে। | হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, আইসিটি স্পেশালিস্ট ও জিআইএস স্পেশালিস্ট |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৮৮ তারিখ: ১৯-০৮-২০২৪ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

19/08/2024

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট